২২ সেপ্টেম্বর ২০১০

# এইচএসবিসি-*কালি ও কলম* তরুণ কবি ও লেখক পুরস্কার ২০১০

## জ্ঞাতব্য বিষয়াবলী

১। বিশ্বের স্থানীয় ব্যাংক এইচএসবিসি এবং সাহিত্য-পত্রিকা *কালি ও কলম* তরুণ বাংলাদেশী লেখকদের সৃজনশীল সাহিত্য কর্ম ও চর্চাকে উৎসাহদানের উদ্দেশ্যে ২০০৮ সাল থেকে তরুণ কবি ও লেখক পুরস্কার প্রবর্তন করেছে। ২০০৮ ও ২০০৯ সালে কবিতা এবং সৃজনশীল কথাসাহিত্য ও মননশীল রচনা এই **তিনটি বিভাগে** পুরস্কার প্রদান করা হয়েছিল।

২। ২০১০ সালে **পাঁচটি বিভাগে পুরস্কার** প্রদান করা হবে। এই পাঁচটি বিভাগ হলো :

ক) কবিতা

খ) ছোটগল্প ও উপন্যাস

গ) প্রবন্ধ, নাটক ও গবেষণাগ্রন্থ

ঘ) মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বা প্রবন্ধগ্রন্থ

ঙ) কিশোরদের জন্য রচিত উপন্যাস ও ছোটগল্প গ্রন্থ

৩। পাঁচটি বিভাগে পুরস্কারের অর্থমূল্য পাঁচলাখ টাকা অর্থাৎ **প্রত্যেক বিভাগের শ্রেষ্ঠ গ্রন্থের কবি ও লেখককে একলাখ টাকা করে পাঁচটি পুরস্কার প্রদান করা হবে**। এই পুরস্কাররের নাম এইচএসবিসি এবং *কালি ও কলম* তরুণ কবি ও লেখক পুরস্কার।

৪। ৯ অক্টোবর শনিবার ২০১০ বেঙ্গল শিল্পালয়ে সাংবাদিক সম্মেলন করে প্রতিযোগিতার নিয়মাবলী সম্পর্কে সংবাদপত্র ও বৈদ্যুতিক মিডিয়ার সাংবাদিকদের অবহিত করা হবে এবং সংবাদপত্র ও বিভিন্ন চ্যানেল যাতে এই পুরস্কার সম্পর্কে সর্বসাধারণের নিকট সংবাদটি পৌঁছে দেন সেজন্য অনুরোধ করা হবে।

এছাড়া এই সংবাদ-সম্মেলনের পরেই ১০ অক্টোবর ২০১০ রোববারে জাতীয় দৈনিক ডেইলি স্টারে, ৩০ অক্টোবর শনিবার ২০১০ কালের কণ্ঠে, ১৫ নভেম্বর সোমবার সমকালে, ২০ নভেম্বর শনিবারে প্রথম আলোতে এবং কার্তিক সংখ্যা কালি ও কলমে এই পুরস্কারের নিয়মাবলী সম্পর্কে জানানো হবে ও বই জমা দেওয়ার আহ্বান করা হবে।

৫। ১৮ থেকে ৪০ বৎসর বয়সী বাংলাদেশী (প্রবাসে বসবাসরতও) কবি, কথাসাহিত্যিক ও লেখকেরা পাঁচটি বিভাগে এই পুরস্কারের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

৬। ২০০৯ সালের জুলাই থেকে ২০১০ সালের জুন মাসের মধ্যে বাংলাদেশে গ্রন্থাকারে প্রকাশিত এবং ১৮ থেকে ৪০ বছর বয়সী বাংলাদেশী লেখকদের বাংলায় রচিত মৌলিক রচনা (১. কবিতা ২. ছোটগল্প ও উপন্যাস ৩. প্রবন্ধ, গবেষণা ও নাটক ৪. মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা বা প্রবন্ধগ্রন্থ ৫. কিশোরদের জন্য রচিত উপন্যাস ও ছোটগল্পগ্রন্থ) এই পুরস্কারের জন্য বিবেচিত হবে।

৭। এই পুরস্কারের জন্য উপস্থাপিত হয়নি এমন কোনো গ্রন্থ, রচনা, অনুবাদকর্ম এবং পুরস্কারের নির্বাচনপ্রক্রিয়ার কোনো স্তরের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তির গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

৮। প্রাথমিক বাছাই ও চূড়ান্ত নির্বাচনের কোনো পর্যায়েই *কালি ও কলম* সম্পাদকমণ্ডলী ও এইচএসবিসি-র কোনো প্রতিনিধি অন্তর্ভুক্ত থাকবেন না।

৯। *কালি ও কলম* দপ্তরে ৯ ডিসেম্বর ২০১০ তারিখের মধ্যে পাঁচ কপি বই জমা দিতে হবে। সেইসঙ্গে এই মর্মে একটি ঘোষণা দিতে হবে যে, বইটি বাংলাদেশী লেখকের মৌলিক রচনা। লেখকের বয়স নির্ধারিত বয়ঃক্রমের মধ্যে এবং বইটি এই পুরস্কারের জন্য উপস্থাপন করা হচ্ছে। পুরস্কারের জন্য গ্রন্থ উপস্থাপন করতে আগ্রহী লেখক ও প্রকাশকেরা যাতে অন্তত একমাস সময় পান, সেদিকে লক্ষ রাখা হবে।

১০।যুক্তভাবে এইচএসবিসি এবং *কালি ও কলমে*র মনোনীত চারজন সুপরিচিত লেখকের একটি দল ১৬ ডিসেম্বর তারিখের মধ্যে প্রাথমিক বাছাই সম্পন্ন করবেন।

১১।চারজন বিচারকের একটি মণ্ডলী ১৬ জানুয়ারি ২০১১-র মধ্যে চূড়ান্ত নির্বাচন করবেন। প্রাথমিক বাছাই করা বইগুলো তাঁরা এক মাসের মধ্যে দেখে ফেলবেন ২৪ জানুয়ারি ২০১১ একটি অধিবেশনে মিলিত হয়ে তাঁরা সিদ্ধান্ত নেবেন। বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই হবে এ-ব্যাপারে চূড়ান্ত।

১২।২০১১ সালের ৮ এপ্রিল শুক্রবার একটি অনুষ্ঠানে পুরস্কার প্রাপ্তদের হাতে এই অর্থ, ক্রেস্ট ও সশংসাপত্র তুলে দেওয়া হবে। জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে এই অনুষ্ঠানটি হবে। এই মিলনায়তনটি পাওয়া না গেলে শিল্পকলা একাডেমী বা অনুরূপ অন্য কোথাও অনুষ্ঠানটি করা যাবে।

১৩।*কালি ও কলমে*র পক্ষ থেকে সকল সাচিবিক সহায়তা দেওয়া হবে এবং সকল সভা ও পুরস্কারপ্রদান অনুষ্ঠানের আয়োজন করা হবে।

১৪।যাঁরা প্রাথমিক বাছাই করবেন, তাঁরা প্রত্যেকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচ শত) টাকা করে এবং বিচারকমণ্ডলীর বিশিষ্ট লেখক-সদস্যেরা প্রত্যেকে ২০,০০০/- (কুড়ি হাজার) করে সম্মানী লাভ করবেন।

১৫। ইতিপূর্বে এইচএসবিসি-কালি ও কলম তরুণ কবি ও লেখক পুরস্কার পেয়েছেন যাঁরা, তাঁদের গ্রন্থ পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

১৬।এই বছরের পুরস্কারের জন্য নিম্নলিখিত আটজনের মধ্যে চারজনকে চূড়ান্ত বিচারকমণ্ডলীর সদস্য হিসেবে দায়িত্বপালনের জন্য অনুরোধ করা যেতে পারে :

* জিল্লুর রহমান সিদ্দিকী
কবি, প্রাবন্ধিক, সাবেক উপাচার্য ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা।

* হাসান আজিজুল হক
কথাসাহিত্যিক ও অবসরপ্রাপ্ত অধ্যাপক দর্শন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

* শামসুজ্জামান খান
মহাপরিচালক, বাংলা একাডেমী

অথবা

* রশীদ হায়দার
মহাপরিচালক, নজরুল ইনস্টিটিউট

অথবা

* সেলিনা হোসেন

অথবা

* রাবেয়া খাতুন

অথবা

* রফিক আজাদ
কবি ও পরিচালক, জাতীয় গ্রন্থ কেন্দ্র

অথবা

* আসাদ চৌধুরী, কবি

অনুরূপভাবে প্রাথমিক বাছাই করার জন্য নিম্নলিখিত ছজনের মধ্যে পাঁচজনকে অনুরোধ করা যেতে পারে :

১। বিশ্বজিৎ ঘোষ
অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২। সুব্রত বড়ুয়া
কথাসাহিত্যিক,
সাবেক পরিচালক, বাংলা একাডেমী, বাংলা একাডেমী পুরস্কারপ্রাপ্ত লেখক।

৩। শাহীন আখতার
কথাসাহিত্যিক, *প্রথম আলো* পুরস্কারপ্রাপ্ত লেখক, কর্মকর্তা, আইন ও সালিশ কেন্দ্র, ঢাকা।
অথবা

৪। বেগম আকতার কামাল
প্রফেসর, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। আনিসুল হক
সহকারী সম্পাদক প্রথম আলো
অথবা

৬। ইমদাদুল হক মিলন
অথবা
হাবীবুল্লাহ সিরাজী
সভাপতি, জাতীয় কবিতা পরিষদ্